

■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬০৮

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪৯. আল্লাহর কিতাবের ব্যাপারে ফায়সালা দানকারী হবে সুন্নাহ।

بَابُ السُّنَّةِ قَاضِيَةٌ عَلَى كِتَابِ اللَّهِ تَعَالَى

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ عَنْ الْأَوْزَاعِيِّ عَنْ مَكْحُولٍ قَالَ السُّنَّةُ سُنَّتَانِ سُنَّةُ الْأَخْذُ بِهَا فَرِيضَةٌ وَتَرْكُهَا كُفُرٌ وَسُنَّةُ الْأَخْذُ بِهَا فَضِيلَةٌ وَتَرْكُهَا إِلَى غَيْرِ حَرَجٍ

إسناده ضعيف لضعف محمد بن كثير الصناعي

বাংলা

৬০৮. আউয়াঙ্গ রাহি. হতে বর্ণিত, মাকত্তল রাহি. বলেন: সুন্নাহ দুই প্রকার। এক প্রকার সুন্নাহ যার অনুসরণ করা ফরয এবং তা পরিত্যাগ করা কুফরী। আরেক (প্রকার) সুন্নাত যার অনুসরণ করা উত্তম এবং তা পরিত্যাগ করাতে কোনো দোষ নেই।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যয়ীফ, মুহাম্মদ ইবনু কাছীর যয়ীফ হওয়ায়। (তবে এটি সহীহ সনদেও বর্ণিত আছে যেমন নিম্নে উল্লেখিত হয়েছে।)

তাখরীজ: মারওয়ায়ী, আস সুন্নাহ নং ১০৫; ইবনু বাত্তাহ, আল ইবানাহ নং ১০১ সহীহ সনদে; ইবনু আব্দুল বার, জাম' বাযানিল ইলম নং ২৩৫০ নং এর টীকায় এ সনদে। তবে এটি মারফু' হিসেবে আবু হুরাইরা রাঃ হতে বর্ণিতে হয়েছে যয়ীফ সনদে। দেখুন আমার তাহকীকতৃত মাজমাউয যাওয়াইদ নং ৮০৮।

হাফিজ ইবনু হাজার ফাতত্তল বারী ১৩/২৯১ এ একে বাইহাকী'তে সহীহ সনদে হিসান ইবনু আতিয়াহ'র বক্তব্য বলে মন্তব্য করেছেন যে, ‘নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উপর যেভাবে কুরআন নিয়ে অবতীর্ণ হতেন, ঠিক তেমনিভাবেই তিনি তাঁর নিকট সুন্নাহ নিয়েও অবতীর্ণ হতেন।’

হাদিসের মান: যউফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আওয়ায়ী (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=75984>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন